

পাবনার বিভিন্ন হাইস্কুল হইতে শিক্ষা উপকরণ লাপাত্তা হওয়ার অভিযোগ

পাবনা সংবাদদাতা ॥ রক্ষণাবেক্ষণের অভাব, অনিয়ম, কর্তৃপক্ষের উদাসীনতা এবং সরকারী কোন ব্যবস্থানা থাকায় পাবনা জেলার থানা পর্যায়ের হাইস্কুলগুলির বিভিন্ন প্রকল্পের লক্ষ লক্ষ টাকার সম্পদ লাপাত্তা হওয়ার অভিযোগ পাওয়া গিয়াছে। জানা গিয়াছে, এরশাদ সরকারের আমলে কারিগরি শিক্ষাকে মাধ্যমিক পর্যায়ভুক্ত করিয়া থানা পর্যায়ের একটি করিয়া বিদ্যালয়ে কৃষি, লোহা

এবং গৃহনির্মাণের উপরে প্রশিক্ষণের জন্য প্রকল্প গ্রহণ এবং এজন্য প্রয়োজনীয় লক্ষ লক্ষ টাকার উপকরণ সরবরাহ করা হইয়াছিল। এইসব উপকরণের মধ্যে মূল্যবান লেদ, মেশিনসহ বিদ্যুৎ চালিত বিভিন্ন যন্ত্রপাতি ও ছিল। ইহাছাড়া শিক্ষাকে আরো সহজতর এবং বাংলাদেশ বেতারের সাহায্যে শিক্ষার্থীদের শিক্ষা দেওয়ার জন্য ঐ সকল বিদ্যালয়সমূহে রেডিও ব্রডকাস্টিং সম্পর্কিত মূল্যবান

যন্ত্র সরবরাহ করা হয়। যাহা ঘারা প্রতিটি শ্রেণীকক্ষে শিক্ষার্থীরা বেতারের মাধ্যমে শিক্ষা গ্রহণ করিতে পারিত। ইহাছাড়া ঐ যন্ত্রের সাথে মাইকসেট এবং ক্যাসেট ও টেপ রেকর্ডারও বিদ্যালয়ের প্রয়োজনে ব্যবহার করা হইত। বালিকা বিদ্যালয়ের ছাত্রীদের সেলাই শিক্ষা প্রদানের জন্য প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রপাতি সরবরাহ করা হয়। কিন্তু (৯ম পৃঃ দ্রষ্টব্য)

পাবনার বিভিন্ন হাইস্কুল

(৩য় পৃঃ পর)

এসব মূল্যবান শিক্ষা উপকরণসমূহ শিক্ষাদান কার্যে খুব কমই ব্যবহৃত হইয়াছে। বরঞ্চ অনেক যন্ত্রপাতি কোন কোন শিক্ষকের বাড়ীতে স্থানান্তরিত হইয়াছে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে। আরও জানা গিয়াছে, রেডিও ব্রডকাস্টিং-এর মূল্যবান যন্ত্রাংশ ও স্পিকারগুলি অনেক শিক্ষকের ব্যক্তিগত কাজে ব্যবহৃত হইতেছে অথবা দোকানে বিক্রয় করিয়া দেওয়া হইয়াছে। মূল্যবান চেয়ার-টেবিল, সেলাই মেশিন ও অন্যান্য উপকরণ যাহা উক্ত প্রকল্পের আওতায় সরবরাহ করা হইয়াছিল উহা এখন প্রায় সম্পূর্ণই বিদ্যালয়গুলি হইতে নিশ্চিহ্ন হইয়া গিয়াছে।